রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১০, ১৯৯৯ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

## প্রজ্ঞাপন

তারিখ, ৪ঠা নভেম্বর, ১৯৯৯ইং/২০শে কার্তিক, ১৪০৬বাং

এস,আর,ও, নং ৩২৪-আইন/৯৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন; যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারী) শিক্ষানবিস কর্মকর্তা প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা বিধিমালা, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বা এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান;

(ঘ) "বিভাগীয় পরীক্ষা" অর্থ বিধি ৪ এ উল্লিখিত বিভাগীয় পরীক্ষা;

(ঙ) "শিক্ষানবিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারী) এর স্থায়ী শূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(চ) "শিক্ষানবিসকাল" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 6 এ উল্লিখিত মেয়াদ এবং উক্ত rule অনুসারে বর্ধিত বা বর্ধিত বলিয়া গণ্য মেয়াদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। বুনিয়াদী প্রশিক্ষণ।—(১) সরকার প্রত্যেক শিক্ষানবিসকে তাহার শিক্ষানবিসকালে Bangladesh Civil Service Recruitment Rules,1981 এর rule 7 এর বিধান অনুসারে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণদানের ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে সরকার প্রশিক্ষণের ব্যবস্থা করিলে সংশ্লিষ্ট শিক্ষানবিস উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।

(৩) সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বুনিয়াদি প্রশিক্ষণের পাঠ্যক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে সরকার প্রয়োজন বোধে উক্ত প্রতিষ্ঠানকে তৎসম্পর্কে প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৪) প্রত্যেক প্রশিক্ষণার্থী সফলতার সহিত তাহার প্রশিক্ষণ সমাপ্ত করিয়াছেন কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান, প্রশিক্ষণ সমাপ্তির পর, সরকারের নিকট একটি প্রতিবেদন পেশ করিবে এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন নথিতে রক্ষিত থাকিবে।

(৫) কোন প্রশিক্ষণার্থী সফলতার সহিত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।

৪। বিভাগীয় পরীক্ষা।—(১) শিক্ষানবিসকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসকে তফসিলে বর্ণিত পাঠ্যক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে অনুষ্ঠিতব্য বিভাগীয় পরীক্ষায় পাস করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত বিভাগীয় পরীক্ষা কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

৫। বিভাগীয় পরীক্ষায় সময়সূচী, ইত্যাদি।—প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং কমিশন উক্ত পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুষাংঙ্গিক তথ্যাদি সম্পর্কে সরকারকে অবহিত করিবে এবং সরকার কমিশনের চাহিদা মোতাবেক তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

৬। বিভাগীয় পরীক্ষায় পাসের নম্বর।—(১) তফসিলে উল্লিখিত প্রতিটি পত্রে কোন শিক্ষানবিস ন্যূনপক্ষে শতকরা ৬০ নম্বর প্রাপ্ত হইলে তাহাকে বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কমিশন প্রত্যেক শিক্ষানবিস এর পরীক্ষার ফলাফল বাংলাদেশ গেজেটে প্রকাশ করিবে।

৭। একাধিকবার বিভাগীয় পরীক্ষার সুযোগ।—কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় তফসিলে উল্লিখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্রে বা পত্রসমূহে অকৃতকার্য হন, তাহার শিক্ষানবিসকালে সেই পত্র বা পত্রসমূহের পরীক্ষায় অংশ গ্রহণ করিবার জন্য তাহাকে সরকার এক বা একাধিকবার সুযোগ প্রদান করিতে পারিবে।

৮। প্রশ্নপত্র প্রণয়ন।—(১) তফসিলে উল্লিখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত কর্মকর্তা দ্বারা প্রণীত হইবে।

(২) তফসিলে উল্লিখিত হিসাব ২য় পত্রের প্রশ্নপত্র মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক মনোনীত উপ-হিসাব নিয়ন্ত্রকের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক প্রণীত হইতে হইবে।

৯। তফসিল সংশোধন।—সরকার প্রয়োজনবোধে, কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

## তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

বি, সি, এস (শুল্ক ও আবগারী) এর শিক্ষানবিস/কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠ্যক্রম

### প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি

(পুস্তক ব্যতীত)

সময় ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাস নম্বর ঃ ৬০

পাঠ্য বিষয়সমূহ ঃ

1. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ;
2. Official Secrets Act, 1923 (XIX of 1923) ;
3. সরকারী সম্পত্তির নিরাপত্তা ও ক্লাসিফাইড ম্যাটেরিয়াল ব্যবহারের নির্দেশাবলী ;
4. Rules of Business, 1996 (With uptodate amendments) ;
5. সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬ (হালনাগাদ সংশোধনীসহ) ;
6. Government Servants' (Special Provisions) Ordinance, 1979 (XI of 1979) ;
7. Government Servants' (Conduct) Rules, 1979 ;
8. Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 ;
9. Bangladesh Civil Service Recruitment Rules, 1981 ;
10. Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (XXXIV of 1982) ;
11. Government Servants' (Discipline and Appeal) Rules, 1985 (With uptodate amendments).

### দ্বিতীয় পত্র

হিসাব (পুস্তকসহ)

সময় ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাস নম্বর ঃ ৬০

পাঠ্য বিষয়সমূহ ঃ

1. Bangladesh Financial Rules ;
2. Bangladesh Service Rules (part-I and part-II) with uptodate amendments ;
3. Fundamental Rules and Supplementary Rules ;
4. Treasury Rules (Volume I and II) ;
5. General Provident Fund Rules, 1979 ;

6. Public Servants' (Retirement) Act, 1974 and Public Servants (Retirement) Rules, 1975 উক্ত Act 1974 এর অধীন প্রণীত এতদসম্পর্কিত বিধিমালা ;

7. Accounts Code (part I and part II and part IV) ;

8. The Government and Autonomous Bodies Employees Benevolent Fund and Group Insurance Ordinance, 1982 (XXXIX of 1982) ;

9. Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) ;

10. Prescribed Leave Rules, 1959 ;

11. বাজেট প্রস্তুতকরণ সংক্রান্ত নিয়মাবলী ;

12. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত বিধানাবলী ।

৩য় পত্র

শুল্ক ও আবগারী সংক্রান্ত বিধিমালা

(পুস্তক ব্যতীত)

সময় ঃ ৩ ঘন্টা

পূর্ণ নম্বর ঃ ১০০

পাস নম্বর ঃ ৬০

পাঠ্য বিষয়সমূহ ঃ

1. The Customs Act, 1969 (IV of 1969);

2. The Import and Export (Control) Act, 1950 (XXXIX of 1950);

3. The Foreign Exchange Regulations Act, 1947 (Act VII of 1947);

4. The National Board of Revenue Order, 1972;

5. The Merchandise Marks Act, 1889 (IV of 1889);

6. The General Clauses Act, 1897 (X of 1897);

7. The Arms Act, 1878 (XI of 1878);

8. The Explosives Act, 1884 (IV of 1884);

9. The Post Office Act, 1898 (VI of 1898);

10. The Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (XXVI of 1983);

11. The Light House Act, 1927 (XVII of 1927);

12. The Agricultural Produce Cess Act, 1940 (XXVII of 1940);

13. The Copyright Ordinance, 1962 (XXXIV of 1962);

14. The Penal Code, 1860 (XIV of 1860);

15. The Code of Criminal Procedure, 1898 (V of 1898);

16. The Special Power Act, 1974 (XIV of 1974);

17. The Excises and Salt Act, 1944 (I of 1944); এবং তদধীনে প্রণীত বিধিমালা;

18. মূল্য সংযোজন কর আইন , ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এবং তদধীনে প্রণীত বিধিমালা;

General Financial Rules (Vol. I & II).

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আব্দুল মুয়ীদ চৌধুরী
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।